The Bangladesh Monitor - A Premier Travel Publication



Date: 20 October, 2025

হংকংয়ে সমুদ্রে ছিটকে পড়লো কার্গো উড়োজাহাজ

- A Monitor Desk Report



ঢাকাঃ হংকং আন্তর্জাতিক বিমানবন্দরে একটি কার্গো উড়োজাহাজ রানওয়ে থেকে ছিটকে সাগরে পড়ে অন্তত ২ জন নিহত হয়েছেন। নিহতরা বিমানবন্দরের কর্মী ছিলেন।

দেশটির সংবাদমাধ্যমের খবরে বলা হয়েছে, এই ঘটনায় বলা হয়েছে, দুর্ঘটনাকবলিত উড়োজাহাজে থাকা ৪ ক্রু সদস্য জীবিত রয়েছেন।

হংকং আন্তর্জাতিক বিমানবন্দরে রানওয়ে থেকে ছিটকে সাগরে পড়ে যাওয়া এমিরেটসের ফ্লাইট ইকেএ ৯৭৮৮ পরিচালনা করছিল তুরস্কের কার্গো এয়ারলাইন এয়ার এ সি টি।

দেশটির স্থানীয় সময় সোমবার (২০ অক্টোবর)ভোর ৩টা ৫০ মিনিটে উড়োজাহাজটি দুবাই থেকে হংকং পৌঁছায়। পরবর্তী সময়ে উত্তর দিকের রানওয়েতে নামার সময় উড়োজাহাজটি একটি যানবাহনের সঞ্চো ধাক্কা খেয়ে দুর্ঘটনার কবলে পড়ে।

হংকং সিভিল অ্যাভিয়েশন বিভাগের বিবৃতিতে বলা হয়েছে, দুর্ঘটনায় বিমানবন্দরের দুইজন গ্রাউন্ড স্টাফ সাগরে পড়ে যান। উদ্ধার করার পর তাদের হাসপাতালে নেওয়া হয়।

পুলিশের বরাতে স্থানীয় গণমাধ্যম জানিয়েছে, ঘটনাস্থলেই ২জনই মারা যান। তবে উড়োজাহাজে থাকা ৪জন ক্রু সদস্য জীবিত আছেন এবং তাদের হাসপাতালে চিকিৎসা দেওয়া হচ্ছে। দুর্ঘটনার পর বিমানবন্দরের সংশ্লিষ্ট রানওয়েটি বন্ধ করে দেওয়া হয়েছে, তবে বিমানবন্দরের অন্য দুইটি রানওয়ে চালু রয়েছে।

দুর্ঘটনার বিষয়ে বিমানবন্দর কর্তৃপক্ষ স্থানীয় সময় সকাল ১০টায় সংবাদ সম্মেলন করার ঘোষণা দিয়েছে।

বিমানবন্দরের কর্মকর্তারা জানিয়েছেন, উড়োজাহাজটি অবতরণের সময় রানওয়ের অবস্থা নিরাপদ ছিল এবং আবহাওয়াও চমৎকার ছিল।

সংবাদমাধ্যমের লাইভ প্রতিবেদনে বলা হয়েছে, উড়োজাহাজটি দুইভাগ হয়ে গেছে তবে এখন পর্যন্ত ব্ল্যাকবক্স উদ্ধার করা যায়নি।

অপরদিকে, এমিরেটস এক বিবৃতিতে জানিয়েছে, সোমবার (২০ অক্টোবর) হংকংয়ে অবতরণের সময় ক্ষতিগ্রস্ত EK9788 উড়োজাহাজটি অ্যাক্ট এয়ারলাইন্স থেকে ভাড়া নেওয়া এবং পরিচালিত একটি কার্গো বিমান ছিলো (নিবন্ধন TC-ACF)। উড়োজাহাজের ক্রুরা নিরাপদে আছেন এবং এতে কোন কার্গো ছিল না বলে বিবৃতিতে নিশ্চিত করা হয়েছে।

-B